



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

সেবা কোর্স
ব্যবস্থাপনা টিম
(সিএমটি) বাছাই
নীতিমালা

১.০০ সটভূমি



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অনুযায়ী সদস্যদের মধ্যে প্রশিক্ষণ কর্মসূচি ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধিকল্পে প্রতিবছর সেরা কোর্স ব্যবস্থাপনা টিম বাছাই করে পুরস্কৃত করার নিমিত্ত “বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সেরা কোর্স ব্যবস্থাপনা টিম (সিএমটি) বাছাই নীতিমালা ২০১৯” প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুযায়ী নির্ধারিত সূচকসমূহের মাধ্যমে একটি প্রশিক্ষণ বছরের সেরা কোর্স ব্যবস্থাপনা টিম বাছাই করা হবে।

২:০০ উদ্দেশ্য



- ২:০১ কেন্দ্রের কর্মচারীগণের প্রশিক্ষণ কোর্স ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি করা;
- ২:০২ কেন্দ্রের কর্মচারীগণের কর্মের মধ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা;
- ২:০৩ কেন্দ্রের কর্মচারীগণের কর্মসম্পাদনে প্রতিযোগিতার মনোভাব তৈরি করা।

৩.০০ প্রশিক্ষণ কোর্স ব্যবস্থাপনা কর্মসম্পাদন সূচক



- ৩.০১ নিম্নবর্ণিত সূচক ব্যবহার করে একটি কোর্স ব্যবস্থাপনা টিমের কর্মসম্পাদন মূল্যায়ন করা হবে

ক্রঃ নং	সূচক	নম্বর
১	কোর্সের উদ্দেশ্য পূরণ (কোর্স সমাপনী মূল্যায়ন থেকে ১০% নেয়া হবে)	১০

ক্রঃ নং	সূচক	নম্বর
২	কোর্স অফিসে উপস্থিতি (ভিজিটর টিম কর্তৃক সংগৃহিত তথ্য ও প্রতিবেদনের ভিত্তিতে নম্বর প্রদান করা হবে।)	১০
৩	অনুষ্ঠিত সেশনের হার (পাঠক্রমে উল্লিখিত সকল সেশন অনুষ্ঠিত হলে, ১০ নম্বর দেয়া হবে এবং সকল সেশন অনুষ্ঠিত না হলে, আনুপাতিকহারে নম্বর কমবে।)	১০
৪	কার্যকর কলমচিত্র, অমনিবাস জমাকরণ (নির্ধারিত সময়ে কলমচিত্র এবং অমনিবাস জমা হলে (৫+৫) ১০ নম্বর দেয়া হবে এবং নির্ধারিত সময় থেকে দেরি হলে, আনুপাতিকহারে নম্বর কমবে।)	১০
৫	কোর্স ফি আদায় কোর্স চলাকালীন সম্পূর্ণ কোর্স ফি আদায় করলে পূর্ণ নম্বর পাবে, নতুবা আনুপাতিকহারে নম্বর কমবে।	১০
৬	আর্থিক ব্যবস্থাপনা (দক্ষতার সাথে অর্থ ব্যয়, রেজিস্টার সংরক্ষণ)	০৫
৭	কোর্স বাজেট সমন্বয়করণ (কোর্স সমাপ্তির ০১ মাসের মধ্যে বাজেট সমন্বয় করা হলে, ১০ নম্বর দেয়া হবে এবং নির্ধারিত সময় থেকে দেরি হলে, আনুপাতিকহারে নম্বর কমবে।)	১০
৮	CTMS এ ডাটা এন্ট্রি (নির্ধারিত সময়ের CTMS এ ডাটা এন্ট্রি দিলে, ১০ নম্বর দেয়া হবে এবং নির্ধারিত সময় থেকে দেরি হলে, আনুপাতিকহারে নম্বর কমবে। দেরি সনাক্ত করার ব্যবস্থা CTMS এ থাকতে হবে।)	১০
৯	WhatsApp এ রুটিন প্রকাশ (WhatsApp এ রুটিন প্রকাশ করা সংক্রান্ত অপশন থাকতে হবে এবং ভিজিটর টিম প্রাত্যহিক তথ্য সংগ্রহ করবে এবং তা স্বাক্ষরপূর্বক মূল্যায়ন অনুবিভাগে জমা করবে।)	০৫

ক্রঃ নং	সূচক	নম্বর
১০	সময়মত অনলাইনে বক্তা মূল্যায়ন CMT প্রশিক্ষণার্থীদের দিয়ে দৈনিক ভিত্তিতে বক্তা মূল্যায়ন করাবেন। দেরি সনাক্ত করার ব্যবস্থা CTMS এ থাকতে হবে। CTMS রিপোর্ট অনুযায়ী বক্তা মূল্যায়ন সময়মত হলে পূর্ণ নম্বর দেয়া হবে এবং প্রত্যাশিত মানের না হলে আনুপাতিকহারে নম্বর কমবে।	০৫
১১	প্রশিক্ষণার্থীদের সামাজিক মাধ্যমে গ্রুপ তৈরীকরণ। দ্রুত তথ্য আদান-প্রদানের জন্য নির্ধারিত সময়ের মধ্যে CMT প্রশিক্ষণার্থীদের মধ্যে সামাজিক যোগাযোগের মাধ্যমে একটি গ্রুপ তৈরী করবেন এবং তা মূল্যায়ন বিভাগকে চিঠি দিয়ে জানাবে।	০৫
১২	কোর্স সম্পর্কিত তথ্য (চলমান এবং সমাপ্তির পর) Write up ছবিসহ ওয়েবসাইটে আপলোডিং	০৫
১৩	মাঠ-সমীক্ষার মাধ্যমে সরকারী নীতি বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণ এবং সংশ্লিষ্ট নীতি-নির্ধারক পর্যায়ের অতিথি বক্তাকে কোর্সে আমন্ত্রণ জানিয়ে চিহ্নিত সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ।	০৫

8.00 নির্বাচন শঙ্কতি



- 8.0১ এমডিএস (পিএন্ডএস) এর নেতৃত্বে নিম্নলিখিত তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে:
- ক. পরিচালক (গবেষণা ও উন্নয়ন), সদস্য
খ. পরিচালক (মূল্যায়ন), সদস্য
গ. আহবায়ক ভিজিল্যান্স টিম, সদস্য
ঘ. উপ-পরিচালক (পিপিআর), সদস্য-সচিব
- 8.0২ গঠিত কমিটি ১) কোর্স সমাপনী মূল্যায়ন প্রতিবেদন, ২) ভিজিলেন্স টিমের প্রতিবেদন, ৩) এক্সেস কন্ট্রোল, ৪) কোর্সের ফলাফল গ্রেডিংসহ, ৫) বিপিএটিসির ওয়েবসাইট, ৬) পরিবীক্ষণ ছক, ৭) দৈনন্দিন রুটিন, ৮) অমনিবাস, ৯) সমন্বয় ভাউচার, রেজিস্টার প্রভৃতি পরীক্ষা করে প্রাথমিকভাবে বাছাই করবেন।
- 8.0৩ কমিটি প্রথম থেকে তৃতীয় তালিকা রেক্টর মহোদয়ের অনুমোদনের জন্য সুপারিশসহ প্রতিবেদন আকারে পেশ করবেন।
- 8.0৪ প্রাপ্ত প্রতিবেদন ও মতামতের আলোকে রেক্টর মহোদয় চূড়ান্ত সেরা কোর্স ব্যবস্থাপনা টিম বাছাই করবেন।

৫.০০ পুরস্কার প্রদান



৫.০১ চূড়ান্তভাবে বাছাইকৃত সেবা কোর্স ব্যবস্থাপনা টিমের সদস্যগণ রেস্তুর মহোদয় কর্তৃক নির্ধারিত পুরস্কার পাবেন।

সেবা কোর্স
ব্যবস্থাপনা টিম
(সিএমটি) বাছাই
নীতিমালা

www.bpatc.org.bd



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা